তারিখ ... 18 SEP 2018 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# বামনায় শিক্ষাপ্রতিষ্ঠানের মাঠে নিয়মিত বসছে পশুর হাট

■ বরগুনা (দ:) প্রতিনিধি

বরগুনার বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের প্রায় দুই হাজার শিক্ষার্থীর দুটি শিক্ষা প্রতিষ্ঠানের পুরো প্রাঙ্গণ জুড়ে দীর্ঘদিন ধরে নিয়মিত চলছে গরু-ছাগলের হাট। এতে খেলার মাঠ থেকে বঞ্চিত হচ্ছে শিক্ষার্থীরা। যত্রতত্র গরু-ছাগলের মলমূত্র পড়ে থাকায় নোংরা হয়ে থাকছে পরিবেশ। কখনও কখনও বিভিন্ন বয়সী ক্রেতা-বিক্রেতাদের ইভটিজিংয়ের শিকার হচ্ছে ছাত্রীরা। মাঝে মাঝে ছাত্র গরুর শিংয়ের আঘাতে ছাত্রীদের আহত হবার ঘটনাও ঘটেছে। স্কুল কর্তৃপক্ষ স্থানীয় নেতৃবৃন্দ থেকে শুরু করে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং জেলা প্রশাসকের কাছে গিয়েও সুফল পায়নি। এমনকি এ ব্যাপারে শিক্ষার্থীরা মানববন্ধনও করেছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের একটি মাত্র স্কুল ডৌয়াতলা সমবায় বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়কে ঘিরে গড়ে ওঠেছে একাধিক শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় চার একর জমি নিয়ে সেখানে প্রতিষ্ঠিত হয়েছে কলেজ, শহীদ স্মৃতিসৌধ, পাঠাগার এবং কর্মজীবী নারী ও অসহায় শিশু কিশোরী ছাত্রী নিবাসও। উল্লেখ্য, ২০১২ সালে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এলাকার অন্যতম দৃষ্টি নন্দন মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ 'চির উন্নত শির' উদ্বোধন করেন। একই জায়গায় চলতি বছর বরগুনার জেলা প্রশাসক ড. মহা. বশিরুল আলম বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় নির্মিত কর্মজীবী নারী ও ছাত্রী হোস্টেল উদ্বোধন করেন। ওয়াজেদ আলী খান ডিগ্রী, কলেজের সভাপতি বাংলাদেশের প্রখ্যাত কথাশিল্পী ড. সেলিনা হোসেন ডৌয়াতলা সমবায় বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি। এলাকার মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক আনোয়ার হোসেন খান ডৌয়াতলা সমবায় বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি।

**আগে দরকার গরুর হাট তারপর শিক্ষা: ইউএনও**

**স্কুলের কারণে বরং গরুর হাট ক্ষতিগ্রস্ত হচ্ছে: উপজেলা চেয়ারম্যান**

রবিবার দুপুরে বামনার ডৌয়াতলা ইউনিয়নের এ শিক্ষাকেন্দ্রে বরগুনা থেকে বিভিন্ন সংবাদ মাধ্যমের কয়েকজন প্রতিনিধি সরেজমিনে গেলে দেখা যায়, সম্মিলিত এ শিক্ষাকেন্দ্রের প্রধান ফটক দিয়ে দলে দলে গরু-ছাগল নিয়ে প্রবেশ করছে বিক্রেতারা। প্রবেশ করছে বিভিন্ন বয়সের শত শত ক্রেতাও। মাধ্যমিক বিদ্যালয়ের ৯ম শ্রেণির শিক্ষার্থী ফাতিমা আক্তার জানায়, প্রতি সপ্তাহের রবি ও বৃহস্পতিবার দু'দিন হাট বসে এখানে। হাটের দিন গরু-ছাগল নিয়ে শত শত ক্রেতা-বিক্রেতার সমাগম হয় এ হাটে। এতে প্রায়ই বিড়ম্বনার মধ্যে পড়তে হয় তাদের।

এ বিষয়ে কথা সাহিত্যিক সেলিনা হোসেন বলেন, প্রায় দু'হাজার শিক্ষার্থীর জন্য পর্যাপ্ত মাঠ থাকা সত্ত্বেও খেলার জন্য মাঠ ব্যবহার করা যাচ্ছে না। মুক্তিযুদ্ধ আর সাংস্কৃতিক চেতনা জাগাতে এখানে গড়ে তোলা হয়েছে শহীদ স্মৃতিস্তম্ভ। এই স্তম্ভের উপরেও গরুর হাট বসছে যা মেনে নেয়া যায় না। হলতা ডৌয়াতলা সমবায় বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নূরুল হক খান জানান, একই প্রাঙ্গণে দীর্ঘ কয়েক বছর ধরে জেএসসি, এসএসসি, এইচএসসি পরীক্ষার মূল কেন্দ্র চলে আসছে। এই শিক্ষা কেন্দ্রটির ধ্বংস করার ষড়যন্ত্র শুরু হয়েছে। স্থানীয় প্রশাসনের শরণাপন্ন হয়েও কোনো প্রতিকার পাওয়া যায়নি।

তবে বরগুনার বামনা উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরুল ইসলাম হাওলাদার বলেন, 'আগে গরুর হাট। তারপর শিক্ষা। সুতরাং শিক্ষা প্রতিষ্ঠান এমনকি স্মৃতিস্তম্ভের মাঠেও গরু-ছাগলের হাট থাকতে পারে।' অন্যদিকে, বামনা উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগ উপজেলা কমিটির সাধারণ সম্পাদক সাইতুল ইসলাম লিটু মৃধা বলেন, 'স্কুলের কারণে বরং গরুর হাট ক্ষতিগ্রস্ত হচ্ছে। শুধু শিক্ষা প্রতিষ্ঠানের কথা ভাবলে হবে না। হাট-বাজারের কথাও ভাবতে হবে।'